রয়েল সিমেন্ট

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক
শুক্রবার | ১৫ নভেম্বর ২০২৪ | www.edainikazadi.net রেজি. নং-চ-০৪ | ৬৫তম বর্ষ ৭১ সংখ্যা | ৩০ কার্তিক ১৪৩১ সাল | ১২ জমাদিউল আউয়াল ১৪৪৬ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

কনফিডেন্স সিমেন্ট
☎01755550035-36

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে রিসার্চ রাইটিং ওয়ার্কশপ শীর্ষক কর্মশালা

প্রিমিয়ার ইউনিভার্সিটির হাজারী লেইনস্থ ভবনে 'ট্রান্সফর্মিং আইডিয়াস ইন্টু পাবলিকেশনস : এ রিসার্চ রাইটিং ওয়ার্কশপ' শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা অনুষ্ঠিত হয় গত মঙ্গলবার। গবেষণায় আগ্রহী শিক্ষার্থীদের জন্য আয়োজন করা এই কর্মশালার উদ্দেশ্য ছিল গবেষণামূলক লেখালেখির প্রতিটি ধাপে বিশেষজ্ঞদের দিকনির্দেশনা প্রদান। আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি স্টুডেন্ট ব্রাঞ্চ ও আইইইই




*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কর্মশালায় বক্তব্য রাখছেন প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল*

প্রিমিয়ার ইউনিভার্সিটি উইমেন ইন ইঞ্জিনিয়ারিং অ্যাফিনিটি গ্রুপের আয়োজনে এই কর্মশালায় প্রধান বক্তা ছিলেন দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের খ্যাতনামা শিক্ষাবিদরা। কর্মশালার উদ্বোধনী বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ও চেয়ারম্যান ড. সাহীদ মো. আসিফ ইকবাল 'গবেষণা সমস্যার সংজ্ঞা প্রদান' বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন। ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক 'গবেষণার প্রেক্ষাপট ও তাত্ত্বিক কাঠামো গঠন' বিষয়ে আলোচনা করেন। চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) সহকারী অধ্যাপক ড. রাহমা বিনতে মুফিজ মুক্তা 'গবেষণার পদ্ধতিগত নকশা' বিষয়ে একটি সেশন পরিচালনা করেন।

সিএসই বিভাগের সহকারী অধ্যাপক ধ্রুবজ্যোতি দাস 'তথ্য বিশ্লেষণ ও ফলাফল যাচাইকরণ' বিষয়ে শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করেন। চুয়েটের ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. সাইফুল ইসলাম 'সারসংক্ষেপ লেখা, ফলাফল প্রকাশ ও ভবিষ্যৎ গবেষণার দিকনির্দেশনা' বিষয়ে গুরুত্বপূর্ণ পরামর্শ দেন, যা গবেষণা সম্পন্ন করার পর তা সঠিকভাবে উপস্থাপন ও ভবিষ্যতের জন্য সম্ভাব্য দিক চিহ্নিত করতে সহায়ক হবে।

কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন মোহাম্মদ সাইফুদ্দিন মুন্না এবং মোহাম্মদ মহিউদ্দিন। এছাড়াও মেন্টর হিসেবে উপস্থিত ছিলেন মনীষা দে ও অভিষেক দাস, যারা আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি স্টুডেন্ট ব্রাঞ্চের সদস্যদের জন্য সার্বিক দিকনির্দেশনা প্রদান করেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 15 November 2024, Page: 3, Col: 4
https://edainikazadi.net/index.php?page=1&date=2024-11-15

চট্টগ্রাম শুক্রবার ১৫ নভেম্বর ২০২৪

# দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

৩৯তম বর্ষ ২৬৩তম সংখ্যা।। ৩০ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ।। ১২ জমাদিউল আউয়াল ১৪৪৬ হিজরি।। Friday 15 November 2024

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'ট্রান্সফর্মিং আইডিয়াস ইন্টু পাবলিকেশনস: এ রিসার্চ রাইটিং ওয়ার্কশপ' শীর্ষক কর্মশালায় বক্তব্য প্রদান করছেন প্রফেসর ড. সাইদ মো. আসিফ ইকবাল

*প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগ*

## 'ট্রান্সফর্মিং আইডিয়াস ইন্টু পাবলিকেশনস: এ রিসার্চ রাইটিং ওয়ার্কশপ' কর্মশালা

প্রিমিয়ার ইউনিভার্সিটির হাজারী লেইনস্থ ভবনে গত ১২ নভেম্বর 'ট্রান্সফর্মিং আইডিয়াস ইন্টু পাবলিকেশনস: এ রিসার্চ রাইটিং ওয়ার্কশপ' শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা অনুষ্ঠিত হয়। গবেষণায় আগ্রহী শিক্ষার্থীদের জন্য আয়োজন করা এই কর্মশালার উদ্দেশ্য ছিল গবেষণামূলক লেখালেখির প্রতিটি ধাপে বিশেষজ্ঞদের দিকনির্দেশনা প্রদান।

আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি স্টুডেন্ট ব্রাঞ্চ ও আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি উইমেন ইন ইঞ্জিনিয়ারিং অ্যাফিনিটি গ্রুপের আয়োজনে কর্মশালায় বক্তা ছিলেন, দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের খ্যাতনামা শিক্ষাবিদরা। কর্মশালার উদ্বোধনী বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির সিএসই বিভাগের অধ্যাপক ও চেয়ারম্যান ড. সাইদ মো. আসিফ ইকবাল 'গবেষণা সমস্যার সংজ্ঞা প্রদান' বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন। গবেষণার মূল সমস্যা সঠিকভাবে বের করা এবং তার সমাধানের জন্য কার্যকর প্রক্রিয়া নির্ণয় করার ব্যাপারে তিনি শিক্ষার্থীদের দিকনির্দেশনা প্রদান করেন। ইইই বিভাগের সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক 'গবেষণার প্রেক্ষাপট ও তাত্ত্বিক কাঠামো গঠন' বিষয়ে আলোচনা করেন। চুয়েট সহকারী অধ্যাপক ড. রাহমা বিনতে মুফিজ মুক্তা 'গবেষণার পদ্ধতিগত নকশা' বিষয়ে একটি সেশন পরিচালনা করেন। প্রিমিয়ার ইউনিভার্সিটির সিএসই বিভাগের সহকারী অধ্যাপক ধ্রুবজ্যোতি দাস 'তথ্য বিশ্লেষণ ও ফলাফল যাচাইকরণ' বিষয়ে শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করেন। কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন মোহাম্মদ সাইফুদ্দিন মুন্না (কাউন্সিলর, আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি স্টুডেন্ট ব্রাঞ্চ) এবং আইইইই পিইউ ব্রাঞ্চের সভাপতি মোহাম্মদ মহিউদ্দিন। এছাড়াও মেন্টর ছিলেন মনীষা দে ও অভিষেক দাস। -বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 15 November 2024, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2024-11-15

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

আস্থার সংবাদে চট্টগ্রামের সবিশেষ ১ যুগে পূর্বদেশ

শুক্রবার
চট্টগ্রাম
১৫ নভেম্বর ২০২৪
৩০ কার্তিক ১৪৩১
১২ জমাদিউল আউয়াল ১৪৪৬
বর্ষ-১২, সংখ্যা-৩২২

www.dailypurbodesh.com | প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

অন্নদাশঙ্কর রায়ের সাহিত্য সমাজের আয়না ৩
দুইদিন গেল স্বপ্ন বুনতে আর দুইদিন গেল স্বপ্ন ভাঙতে ৪
যোগ্যতা দেখে নয়, অনুগতদেরই শীর্ষ পদে নিয়োগ দিচ্ছেন ট্রাম্প ৬
আবারও চট্টগ্রামে উড়ন্ত চক্ষু হাসপাতাল অরবিস ৮




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কর্মশালায় বক্তব্য দেন প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে রিসার্চ রাইটিং কর্মশালা

প্রিমিয়ার ইউনিভার্সিটির হাজারী লেইনস্থ ভবনে 'ট্রান্সফর্মিং আইডিয়াস ইন্টু পাবলিকেশনস: এ রিসার্চ রাইটিং ওয়ার্কশপ' শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা অনুষ্ঠিত হয় ১২ নভেম্বর। গবেষণায় আগ্রহী শিক্ষার্থীদের জন্য আয়োজন করা এই কর্মশালার উদ্দেশ্য ছিল গবেষণামূলক লেখালেখির প্রতিটি ধাপে বিশেষজ্ঞদের দিকনির্দেশনা প্রদান। আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি স্টুডেন্ট ব্রাঞ্চ ও আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি উইমেন ইন ইঞ্জিনিয়ারিং অ্যাফিনিটি গ্রুপের আয়োজনে কর্মশালায় প্রধান বক্তা ছিলেন দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের খ্যাতনামা শিক্ষাবিদরা। উদ্বোধনী বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ও চেয়ারম্যান ড. সাহীদ মো. আসিফ ইকবাল 'গবেষণা সমস্যার সংজ্ঞা প্রদান' বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন। গবেষণার মূল সমস্যা সঠিকভাবে বের করা এবং তার সমাধানের জন্য কার্যকর প্রক্রিয়া নির্ণয় করার ব্যাপারে তিনি শিক্ষার্থীদের দিকনির্দেশনা প্রদান করেন।

ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক 'গবেষণার প্রেক্ষাপট ও তাত্ত্বিক কাঠামো গঠন' বিষয়ে আলোচনা করেন, যেখানে গবেষণার প্রেক্ষাপট তৈরি এবং সঠিক তাত্ত্বিক কাঠামোর গুরুত্ব তুলে ধরা হয়। চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) সহকারী অধ্যাপক ড. রাহমা বিনতে মুফিজ মুক্তা 'গবেষণার পদ্ধতিগণ নকশা' বিষয়ে একটি সেশন পরিচালনা করেন, যাতে গবেষণার কাঠামো তৈরির জন্য প্রয়োজনীয় কৌশল এবং ধাপ নিয়ে আলোচনা করা হয়। প্রিমিয়ার ইউনিভার্সিটির সিএসই বিভাগের সহকারী অধ্যাপক ধ্রুবজ্যোতি দাস 'তথ্য বিশ্লেষণ ও ফলাফল যাচাইকরণ' বিষয়ে শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করেন। গবেষণার তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং নির্ভরযোগ্যতার মূল্যায়ন নিয়ে তার আলোচনা শিক্ষার্থীদের মধ্যে গভীর আগ্রহ সৃষ্টি করে। চুয়েটের ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. সাইফুল ইসলাম 'সারসংক্ষেপ লেখা, ফলাফল প্রকাশ ও ভবিষ্যৎ গবেষণার দিকনির্দেশনা' বিষয়ে গুরুত্বপূর্ণ পরামর্শ দেন, যা গবেষণা সম্পন্ন করার পর তা সঠিকভাবে উপস্থাপন ও ভবিষ্যতের জন্য সম্ভাব্য দিক চিহ্নিত করতে সহায়ক হবে।

কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন মোহাম্মদ সাইফুদ্দিন মুন্না (কাউন্সিলর, আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি স্টুডেন্ট ব্রাঞ্চ) এবং আইইইই পিইউ ব্রাঞ্চের সভাপতি মোহাম্মদ মহিউদ্দিন। এছাড়াও মেন্টর ছিলেন মনীষা দে ও অভিষেক দাস, যারা আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি স্টুডেন্ট ব্রাঞ্চের সদস্যদের জন্য সার্বিক দিকনির্দেশনা প্রদান করেন।

কর্মশালায় অংশগ্রহণকারীরা গবেষণার প্রতিটি ধাপ সম্পর্কে বিশেষজ্ঞদের দিকনির্দেশনা পেয়ে অত্যন্ত উপকৃত হন। তারা গবেষণার শুরু থেকে তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং লেখার কৌশল সম্পর্কে হাতে-কলমে জ্ঞান অর্জন করেন। আয়োজকরা জানান, ভবিষ্যতেও এমন শিক্ষণীয় ও গবেষণামূলক কর্মশালার আয়োজন অব্যাহত থাকবে, যা শিক্ষার্থীদের গবেষণায় উদ্ভাবনী চিন্তা এবং ব্যবহারিক দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 15 November 2024, Page: 2, Col: 1
https://epurbodesh.com/index.php?page=1&date=2024-11-15

চট্টগ্রাম • শুক্রবার • ১৫ নভেম্বর ২০২৪ • ১ অগ্রহায়ণ ১৪৩১ • ১২ জমা. আউয়াল ১৪৪৬
৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা
চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২১ সংখ্যা ৯০

২১ বছরে সুপ্রভাত
প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH
suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ আমার কাছে দেশ মানে এক লোকের পাশে অন্য লোক
৫ দেশের সংকটকালীন সময়ে কাণ্ডারীর ভূমিকায় জিয়া পরিবার
৬ ইন্টার মায়ামিতে থাকছেন মেসি



**ডায়াবেটিস থেকে বাঁচাতে দরকার জনসচেতনতা**
বাংলাদেশ ডায়াবেটিক সমিতির তথ্য মতে, প্রতি ২ জনে ১ জন জানেন না তাদের ডায়াবেটিস আছে। কারণ, অসুস্থ না হলে কেউ চিকিৎসকের কাছে যান না।
বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'ট্রান্সফর্মিং আইডিয়াস ইন্টু পাবলিকেশনস: এ রিসার্চ রাইটিং ওয়ার্কশপ' শীর্ষক কর্মশালায় বক্তব্য রাখছেন প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কর্মশালা

# গবেষণামূলক কর্মশালা শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হয়

প্রিমিয়ার ইউনিভার্সিটির হাজারী লেইনস্থ ভবনে 'ট্রান্সফর্মিং আইডিয়াস ইন্টু পাবলিকেশনস: এ রিসার্চ রাইটিং ওয়ার্কশপ' শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা ১২ নভেম্বর অনুষ্ঠিত হয়। গবেষণায় আগ্রহী শিক্ষার্থীদের জন্য আয়োজন করা এই কর্মশালার উদ্দেশ্য ছিল গবেষণামূলক লেখালেখির প্রতিটি ধাপে বিশেষজ্ঞদের দিকনির্দেশনা প্রদান। আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি স্টুডেন্ট ব্রাঞ্চ ও আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি উইমেন ইন ইঞ্জিনিয়ারিং অ্যাফিনিটি গ্রুপের আয়োজনে এই কর্মশালায় প্রধান বক্তা ছিলেন দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের খ্যাতনামা শিক্ষাবিদরা। কর্মশালার উদ্বোধনী বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ও চেয়ারম্যান ড. সাহীদ মো. আসিফ ইকবাল 'গবেষণা সমস্যার সংজ্ঞা প্রদান' বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন। গবেষণার মূল সমস্যা সঠিকভাবে বের করা এবং তার সমাধানের জন্য কার্যকর প্রক্রিয়া নির্ণয় করার ব্যাপারে তিনি শিক্ষার্থীদের দিকনির্দেশনা প্রদান করেন। ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক 'গবেষণার প্রেক্ষাপট ও তাত্ত্বিক কাঠামো গঠন' বিষয়ে আলোচনা করেন, যেখানে গবেষণার প্রেক্ষাপট তৈরি এবং সঠিক তাত্ত্বিক কাঠামোর গুরুত্ব তুলে ধরা হয়। চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) সহকারী অধ্যাপক ড. রাহমা বিনতে মুফিজ মুক্তা 'গবেষণার পদ্ধতিগত নকশা' বিষয়ে একটি সেশন পরিচালনা করেন, যাতে গবেষণার কাঠামো তৈরির জন্য প্রয়োজনীয় কৌশল এবং ধাপ নিয়ে আলোচনা করা হয়। প্রিমিয়ার ইউনিভার্সিটির সিএসই বিভাগের সহকারী অধ্যাপক ধ্রুবজ্যোতি দাস 'তথ্য বিশ্লেষণ ও ফলাফল যাচাইকরণ' বিষয়ে শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করেন। গবেষণার তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং নির্ভরযোগ্যতার মূল্যায়ন নিয়ে তার আলোচনা শিক্ষার্থীদের মধ্যে গভীর আগ্রহ সৃষ্টি করে। চুয়েটের ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. সাইফুল ইসলাম 'সারসংক্ষেপ লেখা, ফলাফল প্রকাশ ও ভবিষ্যৎ গবেষণার দিকনির্দেশনা' বিষয়ে গুরুত্বপূর্ণ পরামর্শ দেন, যা গবেষণা সম্পন্ন করার পর তা সঠিকভাবে উপস্থাপন ও ভবিষ্যতের জন্য সম্ভাব্য দিক চিহ্নিত করতে সহায়ক হবে। কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন মোহাম্মদ সাই-ফুদ্দিন মুন্না (কাউন্সিলর, আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি স্টুডেন্ট ব্রাঞ্চ) এবং আইইইই পিইউ ব্রাঞ্চের সভাপতি মোহাম্মদ মহিউদ্দিন। এছাড়া মেন্টর হিসেবে উপস্থিত ছিলেন মনীষা দে ও অভিষেক দাস, যারা আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি স্টুডেন্ট ব্রাঞ্চের সদস্যদের জন্য সার্বিক দিকনির্দেশনা প্রদান করেন। কর্মশালায় অংশগ্রহণকারীরা গবেষণার প্রতিটি ধাপ সম্পর্কে বিশেষজ্ঞদের দিকনির্দেশনা পেয়ে অত্যন্ত উপকৃত হন। আয়োজকরা জানান, ভবিষ্যতেও এমন শিক্ষণীয় ও গবেষণামূলক কর্মশালার আয়োজন অব্যাহত থাকবে, যা শিক্ষার্থীদের গবেষণায় উদ্ভাবনী চিন্তা এবং ব্যবহারিক দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে। বিজ্ঞপ্তি



চট্টগ্রাম ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে কেক কেটে বিশ্ব ফিজিক্যাল এন্ড রিহ্যাবিলিটেশন মেডিসিন দিবসের উদ্বোধন করছেন অধ্যাপক (ডা.) শওকত হোসেন

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 15 November 2024, Page: 5, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2024-11-15